দৈনিক বাংলা

তা... 23 DEC 1990
পৃষ্ঠা... ২ ...কলাম... ৫...

১৪৪

### ১২ জন আহত

# ঢাকা ভার্সিটির ৬টি হলে ভাঙচুর

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

গতকাল রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছয়টি আবাসিক হলে বেশ কয়েকটি কক্ষে ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনা ঘটে। এসব কক্ষ ইসলামি ছাত্রশিবির কর্মীদের। একদল

(শেষ পৃঃ ৩–এর কঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটির

(প্রথম পৃঃ পর)

বিক্ষুব্ধ ছাত্রের হামলায় ১২ জন শিবির কর্মী আহত হয়েছেন। এদের মাঝে দুইজনকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। এরা হচ্ছেন ঃ আবদুর রউফ (হিসাব বিজ্ঞানের শেষ বর্ষের ছাত্র) এবং মশিউর রহমান।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে শিক্ষক ও ছাত্রদের ওপর ছাত্রশিবিরের সশস্ত্র হামলার প্রতিবাদে সর্বদলীয় ছাত্র ঐক্যের কর্মীরা গতকাল রাত সাড়ে আটটায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলে মিছিল বের করে। টেলিভিশনে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণার খবর প্রচারিত হওয়ার পর পরই বিভিন্ন হলে পৃথকভাবে মিছিল বের হয়।

মিছিল চলাকালে এসএম হল, শহিদুল্লাহ হল, সূর্যসেন হল, জসিমউদ্দিন হল, জিয়া হল এবং মুজিব হলে বেশ কয়েকটি কক্ষে আগুন দেয়া হয়। কিছু কক্ষ ভাঙচুর হয়। প্রায় এক ঘন্টা ধরে ভাঙচুরের ঘটনা ঘটে। শিবিরের অনেক কর্মী হল ছেড়ে চলে গেছে।